



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সিলেট সরকারি কলেজ, সিলেট।



www.sylgovcollege.edu.bd

email: principal_sgc@yahoo.com

ফোন: ০৮২১-৭৬০৬৩৫, ফ্যাক্স: +৮৮ ০৮২১ ৭৬২১৪২

এইচ এস সি পরীক্ষা ২০২১ এর ফরম পূরণের বিজ্ঞপ্তি

(নিয়মিত, অনিয়মিত, অনিয়মিত-এক/দুই বিষয়, প্রাইভেট, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী)

তারিখ: ১৭.০৮.২০২১ খ্রি.

এতদ্ দ্বারা সিলেট সরকারি কলেজের ২০২১ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের (নিয়মিত, অনিয়মিত, অনিয়মিত-এক/দুই বিষয়, প্রাইভেট, জিপিএ উন্নয়ন) জানানো যাচ্ছে যে, আগামী ২০.০৮.২০২১ খ্রি. তারিখ হতে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড প্রণীত সফটওয়্যারের মাধ্যমে ফরম পূরণের সার্বিক কার্যক্রম সম্পূর্ণভাবে অনলাইন (Online) এ সম্পন্ন করা হবে। ফরম পূরণের জন্য পরীক্ষার্থী বা তার অভিভাবককে কলেজে সশরীরে আসতে হবে না। কলেজের ফেসবুক গ্রুপ এবং ওয়েবসাইটে নোটিশসহ সকল তথ্য পাওয়া যাবে।

ফেসবুক গ্রুপ: [HSC SGC](#)

ওয়েবসাইট: www.sylgovcollege.edu.bd

নির্দেশিকা:

প্রত্যেক বৈধ রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থী আগামী ২০.০৮.২০২১খ্রি. তারিখের পর সিলেট শিক্ষাবোর্ড হতে পরীক্ষার্থী/অভিভাবকের মোবাইল নম্বরে পাঠানো SMS এর মাধ্যমে পরীক্ষার্থীর নাম, নিজ প্রতিষ্ঠানের নাম, মোবাইল নম্বর, এসএসসি রোল, এইচএসসি রেজি: নম্বর এবং ফরম পূরণ ফি এর টাকার (বোর্ড ফি + সেশন ফি + ব্যবস্থাপনা ফি) পরিমাণসহ প্রয়োজনীয় তথ্যাদি জানতে পারবে।

ফরম পূরণের ফি পরিশোধে পরীক্ষার্থীর করণীয়:

১. SMS প্রাপ্তির পর থেকে আগামী ৩০ আগস্ট ২০২১ তারিখের মধ্যে ফরম পূরণের ফি পরিশোধ করতে হবে।
২. ফি পরিশোধের পদ্ধতি:
 - ক. **পদ্ধতি-১:** SMS এ প্রাপ্ত Link ব্যবহার করে ফরম পূরণের ফি পরিশোধ করা যাবে।
 - খ. **পদ্ধতি-২:** সোনালী ব্যাংকের অ্যাপ সোনালী ই-সেবা (Sonali e-Sheba) ব্যবহার করে ফরম পূরণের ফি পরিশোধ করা যাবে।
 - গ. **পদ্ধতি-৩:** সিলেট শিক্ষাবোর্ডের ওয়েবসাইটের Student Management ---> Student Panel থেকে সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফরম পূরণের ফি পরিশোধ করা যাবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

- ঘ. উপরে উল্লিখিত তিনটি পদ্ধতিতেই ঘরে বসে সোনালী ব্যাংকের অ্যাপ সোনালী ই-সেবা (Sonali e-Sheba) ব্যবহার করে Nagad, bKash, Rocket, Upay, Sonali e-Wallet এর যে কোনো একটি মোবাইল ফিন্যান্সসিয়াল সার্ভিস (MFS) সুবিধা গ্রহণ করে ফরম পূরণের ফি নির্ধারিত তারিখের(৩০.০৮.২০২১) মধ্যে প্রদান করতে হবে।
- ঙ. ফরম পূরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে কি-না তা উল্লিখিত নিয়মে ফরম পূরণের ফি পরিশোধ করার পর পরীক্ষার্থী তার মোবাইলে **ফরম পূরণ সম্পন্ন হয়েছে মর্মে** একটি SMS এর মাধ্যমে নিশ্চিত হবে। কোনো কারিগরি ত্রুটির কারণে পরীক্ষার্থী SMS না পেলে বোর্ডের ওয়েবসাইটে Student Management ---> Student Panel থেকে তার ফরম পূরণের Status যে কোনো সময় দেখতে পারবে।

সতর্কতা: কোভিড-১৯ পরিস্থিতির কারণে এ বছর সম্পূর্ণরূপে অনলাইনে (Online) ফরম পূরণ কার্যক্রম সম্পন্ন হবে বিধায় কোনো পরীক্ষার্থী নির্ধারিত তারিখের (৩০.০৮.২০২১খ্রি.) মধ্যে ফরম পূরণের ফি পরিশোধে ব্যর্থ হলে উক্ত পরীক্ষার্থীর ফরম পূরণ সম্পন্ন হয় নি বলে গণ্য হবে।


Helpline:

01737660058

01712278857

01715272829

01710185565 (Office)


১৬/০৮/২০২১

(প্রফেসর মাজহারুল ইসলাম)

আইডি নম্বর-০০৩৫৪২

অধ্যক্ষ

সিলেট সরকারি কলেজ, সিলেট।


১৬/০৮/২১

(বিনয় ভূষণ চক্রবর্তী)

আহবায়ক

এইচএসসি পরীক্ষা ২০২১ ফরম পূরণ কমিটি

সিলেট সরকারি কলেজ, সিলেট।